রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৪, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**সংস্থা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ/ ২৪ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ৫৬.০০.০০০০.০০০.০৫৬.২৮.০০০১.২৪.৯৪—এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ (২০২৩ সনের ২০ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে নবগঠিত এজেন্সি টু ইনোভেট (এটুআই) এর পরিচালনা পর্ষদ এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ এর ধারা ৭ মোতাবেক নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

ক) পরিচালনা পর্ষদ গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| ক্রম. | নাম, পদবি ও দপ্তর | মন্তব্য |
|---|---|---|
| ১. | মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সভাপতি |
| ২. | সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | সদস্য |
| ৩. | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ৪. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| ৫. | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| ৭. | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |



মূল্য : টাকা ৪.০০

| ক্রম. | নাম, পদবি ও দপ্তর | মন্তব্য |
|---|---|---|
| ৮. | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| ৯. | সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) | সদস্য |
| ১০. | সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব) | সদস্য |
| ১১. | সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রভাইডার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি) | সদস্য |
| ১২. | সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কনট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো) | সদস্য |
| ১৩. | সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস) | সদস্য |
| ১৪. | ব্যবস্থাপনা পরিচালক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| ১৫. | ড. রায়হানা শামস ইসলাম, প্রফেসর, পদার্থ বিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৬. | ড. সাজ্জাদ হোসেন, প্রফেসর, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৭. | মাহতাব উদ্দিন আহমেদ, সাবেক সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক, রবি আজিয়াটা | সদস্য |
| ১৮. | প্রধান নির্বাহী কর্মকর্তা, এজেন্সি টু ইনোভেট (এটুআই) | সদস্য-সচিব |

খ) পরিচালনা পর্ষদের দায়িত্ব ও কার্যাবলি:

১. এজেন্সি পরিচালনা কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট কৌশলপত্র ও নির্দেশনা প্রণয়নের উদ্যোগ অনুমোদন;

২. এজেন্সির কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন;

৩. জাতীয়, আঞ্চলিক বা আন্তর্জাতিক সংস্থা, বিনিয়োগকারী ও প্রযুক্তি প্রতিষ্ঠানসমূহের সহিত চুক্তি অনুমোদন;

৪. এজেন্সির কল্যাণ ও সুবিধার্থে ঋণ, মঞ্জুরি বা অনুদান গ্রহণের অনুমোদন;

৫. এজেন্সির স্থাবর ও অস্থাবর সম্পত্তির ব্যবস্থাপনার জন্য আনুষঙ্গিক ব্যয়, ফি ও চার্জ অনুমোদন;

৬. এজেন্সির জনবল নিয়োগ এবং বাজেট প্রণয়নের উদ্যোগ গ্রহণের অনুমোদন; এবং

৭. কোনো সুনির্দিষ্ট বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য নির্বাহী কমিটিকে নির্দেশনা প্রদান এবং অনুমোদন।

গ) এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ এর ধারা ৭(৩) মোতাবেক পরিচালনা পর্ষদের ১৫, ১৬ ও ১৭ নং ক্রমিকের সদস্যগণ মনোনয়নের তারিখ হতে পরবর্তী ০৩ বছর স্বীয় পদে বহাল থাকবেন।

ঘ) পরিচালনা পর্ষদের সভা সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে এবং প্রতি বছর পরিচালনা পর্ষদের অন্যূন ০২টি সভা অনুষ্ঠিত হবে।

ঙ) সভাপতি পরিচালনা পর্ষদের সকল সভায় সভাপতিত্ব করবেন। তবে তাঁর অনুপস্থিতিতে সভাপতি কর্তৃক মনোনীত কোন সদস্য সভায় সভাপতিত্ব করবেন।

চ) সচিব বলতে সিনিয়র সচিবও বুঝাবে।

(ছ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের গত ১৬.০৭.২০২৫ তারিখের ৫৬.০০.০০০০.০৫৬.২৮. ০০০১.২৪.৮৪ নং স্মারকের প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

জ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবু নাছের**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd